

স্মারক নং-৫২.০১.৫০০০.০০০.৩৪.০০৪.১৩-৯৩

তারিখঃ ৩০ মাঘ ১৪২৮
১৩ ফেব্রুয়ারি ২০২২

কোটেশন বিজ্ঞপ্তি

বিভাগীয় পরিসংখ্যান অফিস, রাজশাহী এর দাপ্তরিক কাজে ব্যবহারের জন্য নিম্নবর্ণিত বর্ণনা অনুযায়ী আসবাবপত্র ক্রয়/সংগ্রহের নিমিত্ত প্রকৃত সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে সীলমোহরকৃত কোটেশন (নিম্নে উল্লিখিত শর্তাবলী অনুসরণ পূর্বক) আহবান করা যাচ্ছে:

ক্র.নং	বিবরণ	সংখ্যা
১	স্টীল আলমিরা (ড্রয়ার সংযুক্ত)	২

শর্তাবলীঃ

- ০১। দরপত্র বিভাগীয় পরিসংখ্যান অফিস, রাজশাহী এ রক্ষিত কোটেশন বাক্সে সর্বশেষ ২৪-০২-২০২২খ্রিঃ তারিখ দুপুর ১:০০ ঘটিকা পর্যন্ত জমা দেয়া যাবে এবং একই দিন দুপুর ১:৩০ ঘটিকায় দরপত্র ও প্রস্তাব মূল্যায়ন কমিটি কর্তৃক দরপত্র উন্মুক্ত ও মূল্যায়ন করা হবে।
- ০২। কোটেশনের সাথে (২০২১-২০২২) নবায়নকৃত ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন (১০ ডিজিট বিশিষ্ট) সনদপত্র এবং হালনাগাদ (২০২১-২০২২) আয়কর পরিশোধ সংক্রান্ত সনদপত্র দাখিল করতে হবে।
- ০৩। কার্যাদেশ প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে কার্যাদেশ-এ বর্ণিত মালামাল বিভাগীয় পরিসংখ্যান অফিস, রাজশাহী এ সরবরাহ করতে হবে।
- ০৪। প্রচলিত হারে আয়কর, ভ্যাট ইত্যাদি কর্তন পূর্বক জেলা হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয়, রাজশাহী থেকে ইস্যুকৃত চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে। এ জন্য প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে ০২ (দুই) কপি করে বিল ও চালান সরবরাহ করতে হবে।
- ০৫। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক সরবরাহকৃত পণ্যে কোন প্রকার ত্রুটি/সমস্যা/কার্যাদেশে বর্ণিত পণ্যের সাথে গড়মিল দেখা দিলে নিজ খরচে ত্রুটিমুক্ত অথবা প্রয়োজনে সম্পূর্ণ নতুন সরবরাহ করতে হবে, তজ্জন্য নতুন কোন বিল দাবী করা যাবে না।
- ০৬। ইচ্ছুক কোটেশন দাতা প্রতিষ্ঠান একটি কোটেশন পত্রে বিকল্প দর প্রদান করতে পারবে না।
- ০৭। কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন কোটেশন গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

Mahmuda
13.02.22

(মাহমুদা খাতুন)

পরিসংখ্যান কর্মকর্তা,

বিভাগীয় পরিসংখ্যান অফিস, রাজশাহী

ও

সদস্য-সচিব 'দরপত্র ও প্রস্তাব মূল্যায়ন কমিটি'

বিভাগীয় পরিসংখ্যান অফিস, রাজশাহী

বিতরণঃ

- ১) পরিচালক, এফএ এন্ড এমআইএস, বিবিএস, ঢাকা (বিজ্ঞপ্তিটি বিবিএস এর website-এ প্রকাশের জন্য অনুরোধসহ)।
- ২) যুগ্ম-পরিচালক, বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, রাজশাহী।
- ৩) উপপরিচালক (ভার.) জেলা পরিসংখ্যান কার্যালয়, রাজশাহী
- ৪) প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা, তুলা উন্নয়ন বোর্ড, রাজশাহী
- ৫) নোটিশ বোর্ড, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী।
- ৬) নোটিশ বোর্ড, বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, রাজশাহী।
- ৭) অফিস কপি।